একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৭৭

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৪ জুন ২০২৬

**বিষয়: সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরণ বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং- ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১৬৩৬; তারিখ: ১৮-০৫-২০২৬ খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৭৬, তারিখ: ০৪-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫-কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে লক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচি আওতায় গাছ/বৃক্ষের চারা বিতরণের নিমিত্ত কৃষক ও প্রতিষ্ঠান পর্যায়ে বিনামূল্যে গাছের চারা, সার বিতরণ প্রণোদনা বাবদ ৫৩৬৬.৩০ লক্ষ (তেপান্ন কোটি ছিষট্টি লক্ষ ত্রিশ হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষক প্রতি/প্রতিষ্ঠান প্রতি চারা সহায়তার বিবরণী; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক গাছের চারা, সার, অন্যান্য ব্যয় ও অর্থ বিভাজন (পরিশিষ্ট-ক তে উল্লিখিত চারার জেলাওয়ারী বিভাজন অনুযায়ী) এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি/প্রতিষ্ঠান প্রতি চারা সহায়তার বিবরণ নিম্নরূপ:**

**(i) প্রতিটি (১টি) নারিকেল চারা বাবদ সহায়তা :**

| ক্রমিক নং | উপকরণ/খাত | উপকরণ সহায়তা (টি/কেজি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | চারা | ১.০ | ১৬০.০ | ১৬০.০০ |
| ২ | জৈব সার (গোবর সার) | ৩০.০ | ৪.০ | ১২০.০০ |
| ৩ | বাঁশের খুঁটি | - | ৫০.০০ | ৫০.০০ |
| | উপমোট | ৩২.০০ | | ৩৩০.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | ১.৫০ কেজি প্রতি | | ৪৮.০০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | ১.০০ কেজি প্রতি | | ৩২.০০ |
| | | | **মোট** | **৪১০.০০** |

**(ii) প্রতিটি (১টি) আম, লিচু, সফেদা, শরিফা, তাল, কাঁঠাল, আতা, তেঁতুল, বাতাবি লেবু ইত্যাদি বাবদ সহায়তা :**

| ক্রমিক নং | উপকরণ/খাত | উপকরণ সহায়তা (টি/কেজি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | চারা | ১.০ | ৬০.০ | ৬০.০০ |
| ২ | জৈব সার (গোবর সার) | ৩০.০ | ৪.০ | ১২০.০০ |
| ৩ | বাঁশের খুঁটি (টি) | - | ৫০.০০ | ৫০.০০ |
| | উপমোট | ৩২.০০ | | ২৩০.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | ১.৫০ কেজি প্রতি | | ৪৮.০০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | ১.০০ কেজি প্রতি | | ৩২.০০ |
| | | | **মোট** | **৩১০.০০** |

**(iii) প্রতিটি (১টি) মাল্টা, জলপাই, কদবেল ইত্যাদি বাবদ সহায়তা :**

| ক্রমিক নং | উপকরণ/খাত | উপকরণ সহায়তা (টি/কেজি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | চারা | ১.০ | ৪০.০ | ৪০.০০ |
| ২ | জৈব সার (গোবর সার) | ৩০.০ | ৪.০ | ১২০.০০ |
| ৩ | বাঁশের খুঁটি (টি) | - | ৫০.০০ | ৫০.০০ |
| | উপমোট | ৩২.০০ | | ২১০.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | ১.৫০ কেজি প্রতি | | ৪৮.০০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | ১.০০ কেজি প্রতি | | ৩২.০০ |
| | | | **মোট** | **২৯০.০০** |

**(iv) প্রতিটি (১টি) অর্জুন, মেহগনি, সুপারি, আমড়া, আমলকি, নীম, ঘোড়া নীম, জাম, বহেরা, বেল, রেনট্রি কড়ই, খেজুর, কাঠবাদাম ইত্যাদি বাবদ সহায়তা :**

| ক্রমিক নং | উপকরণ/খাত | উপকরণ সহায়তা (টি/কেজি) | একক মূল্য (টাকা) | কৃষক প্রতি ব্যয় (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | চারা | ১.০ | ৩০.০ | ৩০.০ |
| ২ | জৈব সার (গোবর সার) | ৩০.০ | ৪.০ | ১২০.০ |
| ৩ | বাঁশের খুঁটি (টি) | - | ৫০.০ | ৫০.০০ |
| | উপমোট | ৩২.০০ | | ২০০.০০ |
| ৪ | পরিবহন ব্যয় | ১.৫০ কেজি প্রতি | | ৪৮.০০ |
| ৫ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | ১.০০ কেজি প্রতি | | ৩২.০০ |
| | | | মোট | **২৮০.০০** |

**০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক গাছের চারা, সার, অন্যান্য ব্যয় ও অর্থ বিভাজন:**

লক্ষ টাকা

| ক্রমিক নং | জেলার নাম | উপকরণের পরিমান | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | '৩২৫১১০৯ -বীজ ও চারা' | ৩২৫১১০৫ -সার' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | চারার সংখ্যা | জৈব সার (মে.টন) | বাঁশের খুঁটি (টি) | চারা | জৈব সার | বাঁশের খুঁটি | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ১৯৬০০ | ৫৮৮ | ১৯৬০০ | ৮.৪৩০ | ২৩.৫২০ | ৯.৮০০ | ৯.৪০৮ | ৬.২৭২ | ২৫.৪৮০ | ৫৭.৪৩০ |
| ২ | নারায়ণগঞ্জ | ১৩৬০০ | ৪০৮ | ১৩৬০০ | ৫.৭৩০ | ১৬.৩২০ | ৬.৮০০ | ৬.৫২৮ | ৪.৩৫২ | ১৭.৬৮০ | ৩৯.৭৩০ |
| ৩ | গাজীপুর | ২৪১৫০ | ৭২৫ | ২৪১৫০ | ১১.৭৬০ | ২৮.৯৮০ | ১২.০৭৫ | ১১.৫৯২ | ৭.৭২৮ | ৩১.৩৯৫ | ৭২.১৩৫ |
| ৪ | নরসিংদী | ১৩২০০ | ৩৯৬ | ১৩২০০ | ৫.৫৮০ | ১৫.৮৪০ | ৬.৬০০ | ৬.৩৩৬ | ৪.২২৪ | ১৭.১৬০ | ৩৮.৫৮০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ১৩১০০ | ৩৯৩ | ১৩১০০ | ৫.৫৯৫ | ১৫.৭২০ | ৬.৫৫০ | ৬.২৮৮ | ৪.১৯২ | ১৭.০৩০ | ৩৮.৩৪৫ |
| ৬ | মানিকগঞ্জ | ১২৭৫০ | ৩৮৩ | ১২৭৫০ | ৫.৪৮০ | ১৫.৩০০ | ৬.৩৭৫ | ৬.১২০ | ৪.০৮০ | ১৬.৫৭৫ | ৩৭.৩৫৫ |
| ৭ | টাংগাইল | ২৫০৫০ | ৭৫২ | ২৫০৫০ | ১২.০১৫ | ৩০.০৬০ | ১২.৫২৫ | ১২.০২৪ | ৮.০১৬ | ৩২.৫৬৫ | ৭৪.৬৪০ |
| ৮ | কিশোরগঞ্জ | ১৩৬৫০ | ৪১০ | ১৩৬৫০ | ৫.৭২৫ | ১৬.৩৮০ | ৬.৮২৫ | ৬.৫৫২ | ৪.৩৬৮ | ১৭.৭৪৫ | ৩৯.৮৫০ |
| ৯ | ময়মনসিংহ | ২২৮০০ | ৬৮৪ | ২২৮০০ | ১০.৯৭০ | ২৭.৩৬০ | ১১.৪০০ | ১০.৯৪৪ | ৭.২৯৬ | ২৯.৬৪০ | ৬৭.৯৭০ |
| ১০ | জামালপুর | ১৩০০০ | ৩৯০ | ১৩০০০ | ৫.৪৭৫ | ১৫.৬০০ | ৬.৫০০ | ৬.২৪০ | ৪.১৬০ | ১৬.৯০০ | ৩৭.৯৭৫ |
| ১১ | শেরপুর | ১২৯৫০ | ৩৮৯ | ১২৯৫০ | ৫.৪৩৫ | ১৫.৫৪০ | ৬.৪৭৫ | ৬.২১৬ | ৪.১৪৪ | ১৬.৮৩৫ | ৩৭.৮১০ |
| ১২ | নেত্রকোনা | ১৩১৫০ | ৩৯৫ | ১৩১৫০ | ৫.৫৪০ | ১৫.৭৮০ | ৬.৫৭৫ | ৬.৩১২ | ৪.২০৮ | ১৭.০৯৫ | ৩৮.৪১৫ |
| ১৩ | কুমিল্লা | ১৮০০০ | ৫৪০ | ১৮০০০ | ৭.৫৮৫ | ২১.৬০০ | ৯.০০০ | ৮.৬৪০ | ৫.৭৬০ | ২৩.৪০০ | ৫২.৫৮৫ |
| ১৪ | চাঁদপুর | ২৩৩০০ | ৬৯৯ | ২৩৩০০ | ২১.৫৫৫ | ২৭.৯৬০ | ১১.৬৫০ | ১১.১৮৪ | ৭.৪৫৬ | ৩০.২৯০ | ৭৯.৮০৫ |
| ১৫ | বি,বাড়িয়া | ১২৪৫০ | ৩৭৪ | ১২৪৫০ | ৫.২৮০ | ১৪.৯৪০ | ৬.২২৫ | ৫.৯৭৬ | ৩.৯৮৪ | ১৬.১৮৫ | ৩৬.৪০৫ |
| ১৬ | সিলেট | ১৪৩৫০ | ৪৩১ | ১৪৩৫০ | ৫.৯৪০ | ১৭.২২০ | ৭.১৭৫ | ৬.৮৮৮ | ৪.৫৯২ | ১৮.৬৫৫ | ৪১.৮১৫ |
| ১৭ | মৌলভীবাজার | ১২২০০ | ৩৬৬ | ১২২০০ | ৫.০৯৫ | ১৪.৬৪০ | ৬.১০০ | ৫.৮৫৬ | ৩.৯০৪ | ১৫.৮৬০ | ৩৫.৫৯৫ |
| ১৮ | হবিগঞ্জ | ১২২৫০ | ৩৬৮ | ১২২৫০ | ৫.০৮০ | ১৪.৭০০ | ৬.১২৫ | ৫.৮৮০ | ৩.৯২০ | ১৫.৯২৫ | ৩৫.৭০৫ |
| ১৯ | সুনামগঞ্জ | ১১১৫০ | ৩৩৫ | ১১১৫০ | ৪.৬১০ | ১৩.৩৮০ | ৫.৫৭৫ | ৫.৩৫২ | ৩.৫৬৮ | ১৪.৪৯৫ | ৩২.৪৮৫ |
| ২০ | চট্টগ্রাম | ৫৭৪৫০ | ১৭২৪ | ৫৭৪৫০ | ৭১.৭১০ | ৬৮.৯৪০ | ২৮.৭২৫ | ২৭.৫৭৬ | ১৮.৩৮৪ | ৭৪.৬৮৫ | ২১৫.৩৩৫ |
| ২১ | কক্সবাজার | ৪৮৬০০ | ১৪৫৮ | ৪৮৬০০ | ৬১.৫৬৫ | ৫৮.৩২০ | ২৪.৩০০ | ২৩.৩২৮ | ১৫.৫৫২ | ৬৩.১৮০ | ১৮৩.০৬৫ |
| ২২ | নোয়াখালী | ৪২৬০০ | ১২৭৮ | ৪২৬০০ | ৫৩.২৬৫ | ৫১.১২০ | ২১.৩০০ | ২০.৪৪৮ | ১৩.৬৩২ | ৫৫.৩৮০ | ১৫৯.৭৬৫ |
| ২৩ | ফেনী | ৪৭৩০০ | ১৪১৯ | ৪৭৩০০ | ৬১.১৭৫ | ৫৬.৭৬০ | ২৩.৬৫০ | ২২.৭০৪ | ১৫.১৩৬ | ৬১.৪৯০ | ১৭৯.৪২৫ |
| ২৪ | লক্ষীপুর | ৫২৩০০ | ১৫৬৯ | ৫২৩০০ | ৬৯.১১৫ | ৬২.৭৬০ | ২৬.১৫০ | ২৫.১০৪ | ১৬.৭৩৬ | ৬৭.৯৯০ | ১৯৯.৮৬৫ |
| ২৫ | রাংগামাটি | ২২৩০০ | ৬৬৯ | ২২৩০০ | ১০.১৬০ | ২৬.৭৬০ | ১১.১৫০ | ১০.৭০৪ | ৭.১৩৬ | ২৮.৯৯০ | ৬৫.৯১০ |
| ২৬ | খাগরাছড়ি | ২২৬৫০ | ৬৮০ | ২২৬৫০ | ১০.২৬৫ | ২৭.১৮০ | ১১.৩২৫ | ১০.৮৭২ | ৭.২৪৮ | ২৯.৪৪৫ | ৬৬.৮৯০ |
| ২৭ | বান্দরবন | ২২৪০০ | ৬৭২ | ২২৪০০ | ১০.১৯০ | ২৬.৮৮০ | ১১.২০০ | ১০.৭৫২ | ৭.১৬৮ | ২৯.১২০ | ৬৬.১৯০ |
| ২৮ | রাজশাহী | ২৫৫৫০ | ৭৬৭ | ২৫৫৫০ | ১০.৮১৫ | ৩০.৬৬০ | ১২.৭৭৫ | ১২.২৬৪ | ৮.১৭৬ | ৩৩.২১৫ | ৭৪.৬৯০ |
| ২৯ | নওগাঁ | ২৩০০০ | ৬৯০ | ২৩০০০ | ৯.৭১০ | ২৭.৬০০ | ১১.৫০০ | ১১.০৪০ | ৭.৩৬০ | ২৯.৯০০ | ৬৭.২১০ |
| ৩০ | নাটোর | ২৫৩৫০ | ৭৬১ | ২৫৩৫০ | ১০.৭৬০ | ৩০.৪২০ | ১২.৬৭৫ | ১২.১৬৮ | ৮.১১২ | ৩২.৯৫৫ | ৭৪.১৩৫ |
| ৩১ | চাঁপাই নবাবগঞ্জ | ২১৮০০ | ৬৫৪ | ২১৮০০ | ৯.২৭৫ | ২৬.১৬০ | ১০.৯০০ | ১০.৪৬৪ | ৬.৯৭৬ | ২৮.৩৪০ | ৬৩.৭৭৫ |
| ৩২ | বগুড়া | ২৫৪০০ | ৭৬২ | ২৫৪০০ | ১০.৭১০ | ৩০.৪৮০ | ১২.৭০০ | ১২.১৯২ | ৮.১২৮ | ৩৩.০২০ | ৭৪.২১০ |
| ৩৩ | জয়পুরহাট | ১৫৫০০ | ৪৬৫ | ১৫৫০০ | ৬.৬১৫ | ১৮.৬০০ | ৭.৭৫০ | ৭.৪৪০ | ৪.৯৬০ | ২০.১৫০ | ৪৫.৩৬৫ |

| ক্রমিক নং | জেলার নাম | উপকরণের পরিমান | | | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | '৩২৫১১০৯ -বীজ ও চারা' | ৩২৫১১০৫ -সার' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | চারার সংখ্যা | জৈব সার (মে.টন) | বাঁশের খুঁটি (টি) | চারা | জৈব সার | বাঁশের খুঁটি | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ৩৪ | পাবনা | ১৫২০০ | ৪৫৬ | ১৫২০০ | ৬.৫৭০ | ১৮.২৪০ | ৭.৬০০ | ৭.২৯৬ | ৪.৮৬৪ | ১৯.৭৬০ | ৪৪.৫৭০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ১৪৬৫০ | ৪৪০ | ১৪৬৫০ | ৬.০৮৫ | ১৭.৫৮০ | ৭.৩২৫ | ৭.০৩২ | ৪.৬৮৮ | ১৯.০৪৫ | ৪২.৭১০ |
| ৩৬ | রংপুর | ২০৮৫০ | ৬২৬ | ২০৮৫০ | ৮.৮২০ | ২৫.০২০ | ১০.৪২৫ | ১০.০০৮ | ৬.৬৭২ | ২৭.১০৫ | ৬০.৯৪৫ |
| ৩৭ | গাইবান্ধা | ১৬০০০ | ৪৮০ | ১৬০০০ | ৬.৭৪৫ | ১৯.২০০ | ৮.০০০ | ৭.৬৮০ | ৫.১২০ | ২০.৮০০ | ৪৬.৭৪৫ |
| ৩৮ | কুড়িগ্রাম | ১৭১০০ | ৫১৩ | ১৭১০০ | ৭.০৭৫ | ২০.৫২০ | ৮.৫৫০ | ৮.২০৮ | ৫.৪৭২ | ২২.২৩০ | ৪৯.৮২৫ |
| ৩৯ | লালমনিরহাট | ১৭৪৫০ | ৫২৪ | ১৭৪৫০ | ৭.১৯৫ | ২০.৯৪০ | ৮.৭২৫ | ৮.৩৭৬ | ৫.৫৮৪ | ২২.৬৮৫ | ৫০.৮২০ |
| ৪০ | নীলফামারী | ১৭৮৫০ | ৫৩৬ | ১৭৮৫০ | ৭.৩৫৫ | ২১.৪২০ | ৮.৯২৫ | ৮.৫৬৮ | ৫.৭১২ | ২৩.২০৫ | ৫১.৯৮০ |
| ৪১ | দিনাজপুর | ২৪৩৫০ | ৭৩১ | ২৪৩৫০ | ১০.৪৫০ | ২৯.২২০ | ১২.১৭৫ | ১১.৬৮৮ | ৭.৭৯২ | ৩১.৬৫৫ | ৭১.৩২৫ |
| ৪২ | ঠাকুরগাঁও | ১৫২০০ | ৪৫৬ | ১৫২০০ | ৬.৫১০ | ১৮.২৪০ | ৭.৬০০ | ৭.২৯৬ | ৪.৮৬৪ | ১৯.৭৬০ | ৪৪.৫১০ |
| ৪৩ | পঞ্চগড় | ১৭০৫০ | ৫১২ | ১৭০৫০ | ৭.০৬০ | ২০.৪৬০ | ৮.৫২৫ | ৮.১৮৪ | ৫.৪৫৬ | ২২.১৬৫ | ৪৯.৬৮৫ |
| ৪৪ | যশোর | ৩৯৪০০ | ১১৮২ | ৩৯৪০০ | ২৮.৬৬৫ | ৪৭.২৮০ | ১৯.৭০০ | ১৮.৯১২ | ১২.৬০৮ | ৫১.২২০ | ১২৭.১৬৫ |
| ৪৫ | ঝিনাইদহ | ২৮০৫০ | ৮৪২ | ২৮০৫০ | ১২.২৩০ | ৩৩.৬৬০ | ১৪.০২৫ | ১৩.৪৬৪ | ৮.৯৭৬ | ৩৬.৪৬৫ | ৮২.৩৫৫ |
| ৪৬ | মাগুড়া | ২৭৭৫০ | ৮৩৩ | ২৭৭৫০ | ১২.১২০ | ৩৩.৩০০ | ১৩.৮৭৫ | ১৩.৩২০ | ৮.৮৮০ | ৩৬.০৭৫ | ৮১.৪৯৫ |
| ৪৭ | কুষ্টিয়া | ২৭৯৫০ | ৮৩৯ | ২৭৯৫০ | ১২.২১০ | ৩৩.৫৪০ | ১৩.৯৭৫ | ১৩.৪১৬ | ৮.৯৪৪ | ৩৬.৩৩৫ | ৮২.০৮৫ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ২৫০০০ | ৭৫০ | ২৫০০০ | ৯.৯৫৫ | ৩০.০০০ | ১২.৫০০ | ১২.০০০ | ৮.০০০ | ৩২.৫০০ | ৭২.৪৫৫ |
| ৪৯ | মেহেরপুর | ২২৫০০ | ৬৭৫ | ২২৫০০ | ৯.৩৫৫ | ২৭.০০০ | ১১.২৫০ | ১০.৮০০ | ৭.২০০ | ২৯.২৫০ | ৬৫.৬০৫ |
| ৫০ | খুলনা | ৬৭৯৫০ | ২০৩৯ | ৬৭৯৫০ | ৮৭.৪৪৫ | ৮১.৫৪০ | ৩৩.৯৭৫ | ৩২.৬১৬ | ২১.৭৪৪ | ৮৮.৩৩৫ | ২৫৭.৩২০ |
| ৫১ | বাগেরহাট | ৫৬৩০০ | ১৬৮৯ | ৫৬৩০০ | ৭০.৬৯৫ | ৬৭.৫৬০ | ২৮.১৫০ | ২৭.০২৪ | ১৮.০১৬ | ৭৩.১৯০ | ২১১.৪৪৫ |
| ৫২ | সাতক্ষীরা | ৪৮৬০০ | ১৪৫৮ | ৪৮৬০০ | ৪৯.৬৩৫ | ৫৮.৩২০ | ২৪.৩০০ | ২৩.৩২৮ | ১৫.৫৫২ | ৬৩.১৮০ | ১৭১.১৩৫ |
| ৫৩ | নড়াইল | ২৩০৫০ | ৬৯২ | ২৩০৫০ | ২১.৬৪৫ | ২৭.৬৬০ | ১১.৫২৫ | ১১.০৬৪ | ৭.৩৭৬ | ২৯.৯৬৫ | ৭৯.২৭০ |
| ৫৪ | বরিশাল | ৪৯১৫০ | ১৪৭৫ | ৪৯১৫০ | ৬১.৮৪৫ | ৫৮.৯৮০ | ২৪.৫৭৫ | ২৩.৫৯২ | ১৫.৭২৮ | ৬৩.৮৯৫ | ১৮৪.৭২০ |
| ৫৫ | পিরোজপুর | ৩৮০০০ | ১১৪০ | ৩৮০০০ | ৪৫.৫৯৫ | ৪৫.৬০০ | ১৯.০০০ | ১৮.২৪০ | ১২.১৬০ | ৪৯.৪০০ | ১৪০.৫৯৫ |
| ৫৬ | ঝালকাঠি | ৩৬৮০০ | ১১০৪ | ৩৬৮০০ | ৪৫.০৭৫ | ৪৪.১৬০ | ১৮.৪০০ | ১৭.৬৬৪ | ১১.৭৭৬ | ৪৭.৮৪০ | ১৩৭.০৭৫ |
| ৫৭ | পটুয়াখালী | ৪২৬০০ | ১২৭৮ | ৪২৬০০ | ৫৩.৩৮৫ | ৫১.১২০ | ২১.৩০০ | ২০.৪৪৮ | ১৩.৬৩২ | ৫৫.৩৮০ | ১৫৯.৮৪৫ |
| ৫৮ | বরগুনা | ৩৭৬৫০ | ১১৩০ | ৩৭৬৫০ | ৪৫.২৭০ | ৪৫.১৮০ | ১৮.৮২৫ | ১৮.০৭২ | ১২.০৪৮ | ৪৮.৯৪৫ | ১৩৯.৩৯৫ |
| ৫৯ | ভোলা | ৩৭৩০০ | ১১১৯ | ৩৭৩০০ | ৪৫.৩১৫ | ৪৪.৭৬০ | ১৮.৬৫০ | ১৭.৯০৪ | ১১.৯৩৬ | ৪৮.৪৯০ | ১৩৮.৫৬৫ |
| ৬০ | ফরিদপুর | ১৭৩০০ | ৫১৯ | ১৭৩০০ | ৮.১৬০ | ২০.৭৬০ | ৮.৬৫০ | ৮.৩০৪ | ৫.৫৩৬ | ২২.৪৯০ | ৫১.৪১০ |
| ৬১ | মাদারীপুর | ১৪৫৫০ | ৪৩৭ | ১৪৫৫০ | ৬.৬০৫ | ১৭.৪৬০ | ৭.২৭৫ | ৬.৯৮৪ | ৪.৬৫৬ | ১৮.৯১৫ | ৪২.৯৮০ |
| ৬২ | গোপালগঞ্জ | ২৪৪০০ | ৭৩২ | ২৪৪০০ | ২২.৫৪৫ | ২৯.২৮০ | ১২.২০০ | ১১.৭১২ | ৭.৮০৮ | ৩১.৭২০ | ৮৩.৫৪৫ |
| ৬৩ | রাজবাড়ী | ১২৮০০ | ৩৮৪ | ১২৮০০ | ৫.৩৮৫ | ১৫.৩৬০ | ৬.৪০০ | ৬.১৪৪ | ৪.০৯৬ | ১৬.৬৪০ | ৩৭.৩৮৫ |
| ৬৪ | শরীয়তপুর | ২২৩০০ | ৬৬৯ | ২২৩০০ | ২১.১৩০ | ২৬.৭৬০ | ১১.১৫০ | ১০.৭০৪ | ৭.১৩৬ | ২৮.৯৯০ | ৭৬.৮৮০ |
| মোট | | ১৬২৮০০০ | ৪৪৪৪০ | ১৬২৮০০০ | ১২৯৬.৩০০ | ১৯৫৩.৬০০ | ৮১৪.০০০ | ৭৮১.৪৪০ | ৫২০.৯৬০ | ২১১৬.৪০০ | ৫৩৬৬.৩০০ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2025 অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন করবেন। উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে লক্ষ্যমাত্রা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন। তদানুযায়ী উপসহকারী কৃষি কর্মকর্তা উপযুক্ত আগ্রহী কৃষক/প্রতিষ্ঠানের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করবেন। **কৃষক পর্যায়ে একজন কৃষক ০৫ টি করে চারা পাবেন, উপকারভোগী কৃষক সংখ্যা এবং প্রতিষ্ঠান সংখ্যা ও প্রতিষ্ঠান প্রতি চারার সংখ্যা (কৃষকের বসত বাড়ি, পতিত জমি, খালপাড়, রাস্তার পাশের ফাঁকা স্থান, রেললাইন, শিক্ষা প্রতিষ্ঠান, বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান, কবরস্থান, শ্মশান ও বিভিন্ন সরকারি দপ্তর) জেলা/উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত হবে;**

৩. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষক/প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক/ প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক/ প্রতিষ্ঠান প্রধান নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক/ প্রতিষ্ঠান প্রধান ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৫. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৬. প্রণোদনার সকল চারা স্থানীয় উপযোগিতার ভিত্তিতে ডিএই/বিএডিসি/বারি/বিএসআরআই/বিনা/যেকোনো প্রতিষ্ঠিত নার্সারি হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। বৃক্ষরোপণের চারা কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৭. **এ কর্মসূচির আওতায় গুণগত মানসম্পন্ন জৈব সার [(প্রতি কেজি ৪ টাকা হারে ৫ কেজি (চারা প্রতি)] সরকার কর্তৃক স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠান/প্রতিষ্ঠিত স্থানীয় উদ্যোক্তা কৃষক/ব্যবসায়ী নিকট হতে বিধি মোতাবেক ক্রয়পূর্বক উপকারভোগীদের মাঝে বিতরণ করতে হবে এবং অবশিষ্ট অর্থ [প্রতি কেজি ৪ টাকা হারে ২৫ কেজি বাবদ ১০০ (একশত) টাকা (চারা প্রতি)] সরকারি কোষাগারে জমাদানপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;**

৮. জেলা হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৯. সরকারের নির্বাচনী অঙ্গীকার ৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের অংশ হিসেবে প্রণোদনা বিতরণকৃত চারা এবং প্রকল্পের আওতায় বিতরণকৃত চারার লোকেশন- ওয়ারি তালিকা সংশ্লিষ্ট কৃষি ব্লকের দায়িত্বপ্রাপ্ত এসএএও-গণ সংরক্ষণ করবেন ও বৃক্ষসমূহ নিয়মিত তদারকি করবেন এবং উপজেলা কৃষি অফিসারকে নিয়মিত অবহিত রাখবেন;

১০. **কৃষি ব্লকের দায়িত্বপ্রাপ্ত এসএএও** তাঁর ব্লকে বৃক্ষরোপন কর্মসূচির আওতায় রোপিত গাছ/বৃক্ষের চারা লোকেশন-ওয়ারি তালিকা সংরক্ষণ করবেন ও নিয়মিত তদারকি করবেন এবং উপজেলা কৃষি অফিসারকে অবহিত রাখবেন;

১১. এ কর্মসূচির আওতায় **রোপনকৃত চারার সার্বিক প্রতিবেদন প্রতিবছর জুন মাসে** বার্ষিক প্রতিবেদন ই-মেইলযোগে admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

১২. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ (এক) কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ৩ টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৩. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬১ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ৩ (তিন) টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না

১৪. **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে। কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;**

১৫. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে**

১৬. **সার, চারা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

১৭. **০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণ কর্মসূচির আওতাভুক্ত হওয়ার লক্ষ্যে সাপ্তাহিকভিত্তিতে বৃক্ষরোপণের তথ্য ই-মেইলযোগে admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে (E-mail-input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;**

| ক্রঃ নং | বৃক্ষরোপণের জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রামের নাম | রোপণকৃত বৃক্ষের প্রজাতির নাম | রোপণকৃত বৃক্ষের সংখ্যা | বৃক্ষরোপণের সুনির্দিষ্ট এলাকা (জিওগ্রাফিক্যাল কোঅর্ডিনেটসহ) | পরিচর্যাকারী কৃষকের নাম ও ফোন নম্বর | সংশ্লিষ্ট এসএসও-এর নাম ও ফোন নম্বর | মনিটরিং অফিসারের নাম ও ফোন নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

১৮. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষক/প্রতিষ্ঠানের নাম ও মালিকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ, সার ও কীটনাশক সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | চারার নাম ও জাত-<br>চারার পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

৩০/০৫/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৪ জুন ২০২৬

নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৭৭

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (সকল) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৮. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৯. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১০. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)** ।
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)।**
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০/০৫/২৬

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব